“কিয়ামতের দিন জাহান্নামকে নিয়ে আসা হবে। সেদিন তার সত্তর হাজার লাগাম থাকবে। প্রতিটি লাগামের সাথে থাকবে সত্তর হাজার ফিরিশতা। তারা তা টেনে নিয়ে যাবে।”

আব্দুল্লাহ ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কিয়ামতের দিন জাহান্নামকে নিয়ে আসা হবে। সেদিন তার সত্তর হাজার লাগাম থাকবে। প্রতিটি লাগামের সাথে থাকবে সত্তর হাজার
ফিরিশতা। তারা তা টেনে নিয়ে যাবে।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

কিয়ামতের দিন জাহান্নামকে উপস্থিত করা হবে। সেদিন তার সত্তর হাজার রশির লাগাম থাকবে। প্রতিটি রশিতে থাকবে সত্তর হাজার ফিরিশতা। তারা তা টেনে নিয়ে যাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5463